

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়
ডায়েরী নং..... তারিখ.....

[Signature]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর
রামপুরা, ঢাকা-১২১৯
www.btv.gov.bd

নং-১৫.৫৪.০০০০.০২১.৯৯.১৭২.২১- ২০৩৭

তারিখ : ৬০ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ
২৪ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

বিটিভির বিদ্যমান সিটিজেনস্ চার্টার পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী:


তারিখ : ১২ সেপ্টেম্বর ২০২২ খ্রি:
সময় : দুপুর ০২:০০ ঘটিকা
স্থান : পরিচালক (প্রশাসন) মহোদয়ের অফিস কক্ষ
সভাপতি : পরিচালক (প্রশাসন)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি সভাকে অবহিত করেন যে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনার কার্যক্রম ১.১ অনুযায়ী বিটিভির সিটিজেনস্ চার্টার পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করা হয়েছে। তিনি গত অর্থ বছরের কর্মপরিকল্পনার সফল বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। এরপর সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব বিগত ০৬.০৯.২০২২ তারিখে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে অনুষ্ঠিত দপ্তর/ সংস্থাসমূহের সমন্বয়ে সিটিজেনস্ চার্টার বিষয়ক ত্রৈমাসিক সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ সভাকে অবহিত করেন। সদস্যবৃন্দ আলোচনায় অংশ নিয়ে মতামত ব্যক্ত করেন যে বিটিভি কেন্দ্র/উপকেন্দ্রসমূহ সিটিজেনস্ চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। এছাড়া প্রত্যেক শাখাকে প্রতিশ্রুতি অনুযায়ী প্রদত্ত সেবার বাস্তবায়ন প্রতিবেদন নির্ধারিত ছকে প্রতি প্রান্তিকে প্রেরণ করতে হবে। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
০১.	ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি বা সিটিজেনস্ চার্টার এ বর্ণিত সেবাসমূহের প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।	সিটিজেনস্ চার্টার পরিবীক্ষণ কমিটির গত সভার সিদ্ধান্ত অনুযায়ী বিটিভি প্রধান কার্যালয়সহ কেন্দ্র/উপকেন্দ্রসমূহ স্ব স্ব সিটিজেনস্ চার্টারের বর্ণিত সেবা অনুযায়ী প্রদত্ত সেবার বাস্তবায়ন প্রতিবেদন প্রমাণকসহ নির্ধারিত ছকে প্রেরণ করবেন। সিদ্ধান্ত: শাখাসমূহ ও কেন্দ্র/উপকেন্দ্রসমূহকে স্বপ্রণদিতভাবে প্রতি প্রান্তিকের শেষ কর্মদিবসের পূর্বে নির্ধারিত ছকে সেবা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ পরিচালক (প্রশাসন) বরাবর প্রেরণ করতে হবে।	সকল শাখাপ্রধান, জেনারেল ম্যানেজার, (ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র), উপকেন্দ্র প্রধান (সকল)
০২.	দৃশ্যমান স্থানে সিটিজেনস্ চার্টার প্রদর্শন।	কিছু কিছু কেন্দ্র/উপকেন্দ্র ব্যতীত বিটিভির সকল কেন্দ্র/উপকেন্দ্রে দৃশ্যমান স্থানে সিটিজেনস্ চার্টার প্রদর্শনের ব্যবস্থা করা হয়েছে মর্মে সদস্য সচিব সভাকে অবহিত করেন। যে সকল কেন্দ্র/উপকেন্দ্রে দৃশ্যমান স্থানে সিটিজেনস্ চার্টার প্রদর্শন করা হয়নি সেখানে অতিদ্রুত তা স্থাপনের ব্যবস্থা গ্রহণ করাতে হবে। সিদ্ধান্ত: সকল কেন্দ্র/উপকেন্দ্রে দৃশ্যমান স্থানে স্ব-স্ব সিটিজেনস্ চার্টার প্রদর্শনের ব্যবস্থা নিশ্চিত করবে।	জেনারেল ম্যানেজার (ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র), উপকেন্দ্র প্রধান (সকল)
০৩	সিটিজেনস্ চার্টার হালনাগাদকরণ।	সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রম ১.৪-এ প্রতি ত্রৈমাসিকে আওতাধীন দপ্তরসহ সিটিজেনস্ চার্টার হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনা রয়েছে।	সিনিয়র সিস্টেম এনালিস্ট, সহকারী পরিচালক

		সিদ্ধান্ত: প্রধান কার্যালয় ও কেন্দ্র/উপকেন্দ্রসমূহকে প্রতি ত্রৈমাসিকে স্ব-স্ব সিটিজেনস্ চার্টার হালনাগাদপূর্বক ওয়েবসাইটে প্রকাশের জন্য সিনিয়র সিস্টেম এনালিস্ট বরদ্বার প্রেরণ করতে হবে।	(প্রশাসন-২)
০৪.	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ ও প্রতিবেদন প্রস্তুত।	সিটিজেনস্ চার্টারের বর্ণিত সেবাসমূহের প্রতিশ্রুতি অনুযায়ী বাস্তবায়ন করা হয়েছে কি না তা প্রেরিত অগ্রগতি প্রতিবেদন ও প্রমাণকের আলোকে পরিবীক্ষণ করতে হবে। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক দৈবচয়ন পদ্ধতিতে ১০টি সেবা নির্বাচন করে মূল্যায়নপূর্বক প্রতিবেদন চূড়ান্ত করতে হবে। সিদ্ধান্ত: প্রতি প্রান্তিকে দৈবচয়ন পদ্ধতিতে ১০টি সেবা নির্বাচন করে তাঁর বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়নপূর্বক পরিবীক্ষণ করে প্রতিবেদন প্রস্তুত করতে হবে এবং মহাপরিচালক মহোদয়ের অনুমোদনপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।	সহকারী পরিচালক (প্রশাসন-২)


০২। আর কোন আলোচ্য বিষয় না থাকায় ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


২৪/১১/২২
(আফছানা বিক্কিস)
পরিচালক (প্রশাসন)
ও
সভাপতি
সিটিজেনস্ চার্টার পরিবীক্ষণ কমিটি


বিতরণঃ-১। কমিটির সদস্যবৃন্দ-

অনুলিপি:

- ০১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বিটিভি, ঢাকা।(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিটিভি, ঢাকা।
০৩। পরিচালক (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিটিভি, ঢাকা।
০৪। কার্যালয় নথি।


(আফিফা আফরোজ)
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন:৫৫১৩১৯১৮

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়	
সিস্টেম এনালিস্ট	<input type="checkbox"/> প্রয়োজনীয় ব্যবস্থা নিন
প্রোগ্রামার-১	<input type="checkbox"/> উপস্থাপন করুন
প্রোগ্রামার-২	<input type="checkbox"/> কথা বলুন
পিএ	<input type="checkbox"/> তাগিদ দিন
	সিনিয়র সিস্টেম এনালিস্ট


২৫/১১/২২
সহকারী